নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.০০০.৭১.১২৪.২৩** নথির বিষয়: Procurement of electrical spare parts such as magnetic contact, circuit breakers, MCCB, RCCB and related others.

নোট: ১ নোটের বিষয়: **Procurement of electrical spare parts such as magnetic contact, circuit breakers, MCCB, RCCB and related others কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩১/৮/২৩ ১:১৭ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের সমন্বয়ে পানি পরিশোধণ কাজ সার্বক্ষনিক সচল আছে। উল্লেখ্য শোধনাগারের বিভিন্ন ইউনিটে বিদ্যমান ইলেকট্রিক্যাল /ইলেকট্রোমেকানিক্যাল/অটোমেশন ইকুইপমেন্টগুলোর পারফরমেন্স কমে যাওয়ার কারনে রুটিন মেইনটেন্যান্স হিসাবে প্রায়ই পরিবর্তন করতে হয়। শোধনাগারের বিভাগীয় ভান্ডারে প্রয়োজনীয় স্পেয়ার মালামাল না থাকার কারনে মেইনটেন্যান্স করা অসুবিধা হচ্ছে। গত ১০/০৬/২০২১ইং তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্তে অনুষ্ঠিত অনলাইন (জুম) সভার ২নং সিদ্ধান্ত মোতাবেক আগামী ৫ (পাঁচ) বছরের জন্য রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজনীয় স্পেয়ার পার্টস ধাপেধাপে প্রকিউরমেন্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে আলোকে ইলেকট্রিক্যাল /ইলেকট্রোমেকানিক্যাল/ অটোমেশন স্পেয়ার সংগ্রহ করা প্রয়োজন। বিভাগীয় উপ-ভান্ডারে প্রয়োজনীয় স্পেয়ার মালামাল মজুদ থাকলে শোধনাগারের নিজস্ব জনবল দিয়ে স্বল্পতম সময়ের মধ্যে মেরামত কাজ করা সম্ভব হবে। সেই লক্ষ্যে Procurement of electrical spare parts such as magnetic contact, circuit breakers, MCCB, RCCB and related others কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনাভুক্ত করা হয়েছে (ক্রমিক নং-১ দ্রষ্টব্য)

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩১/৮/২৩ ১:১৮ অপরাহ্ন

শোধনাগারের বিভিন্ন ইউনিটে বিদ্যমান ইলেকট্রিক্যাল /ইলেকট্রোমেকানিক্যাল/অটোমেশন স্পেয়ার সংগ্রহ করার লক্ষ্যে পূর্বানুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলিত ব্যয়ের পরিমান সর্বমোট ৳২৪,৯৫,৮০০/=(টাকা চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার আটশত) টাকা। আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM e-GP) দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ৪৮ প্যাকেজ নং APP/22-23/G/12 এ ধরা আছে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩১/৮/২৩ ১:২২ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারের বিভিন্ন ইউনিটে বিদ্যমান ইলেকট্রিক্যাল/ ইলেকট্রো-মেকানিক্যাল/অটোমেশন স্পেয়ার সংগ্রহ করার লক্ষ্যে "Procurement of electrical spare parts such as magnetic contact, circuit breakers, MCCB, RCCB and related others" কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM e-GP) তে দরপত্র আহবানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৳২৪,৯৫,৮০০/=(টাকা চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার আটশত) টাকার প্রাক্কলনের আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয় পদ্মা পানি শোধনাগারের ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ৪৮ প্যাকেজ নং APP/22-23/G/12 এবং বার্ষিক বাজেট বরাদ্দের Spare Parts (Plant) খাত হতে প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনার আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী এই ব্যয় অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারভূক্ত। সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

৩১/৮/২৩ ১:২৬ অপরাহ্ন
অমিত বিশ্বাস
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৪/৯/২৩ ৫:১১ অপরাহ্ন
মাহমুদ রিয়াদ
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৪/৯/২৩ ১১:১৯ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৫/৯/২৩ ১:৪৪ অপরাহ্ন
মাহমুদ রিয়াদ
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৬/৯/২৩ ১:৫৪ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

~~৬/৯/২৩ ১:৫৪ অপরাহ্ন~~
~~মির্জা গোলাম কিবরিয়া~~
~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~
~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

সংযুক্তিসমূহ (৫):

১। ০১। ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি..pdf
২। ০২। গত ১০০৬২০২১ইং তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত অনলাইন (জুম) সভার কার্যবিবরনী।.pdf
৩। ০৩। পূর্বানুমোদিত দরের নোটের কপি।.pdf
৪। ০৪। পূর্বানুমোদিত দরের প্রাক্কলনের কপি।.pdf
৫। ০৫। আলোচ্য কাজের প্রাক্কলন।.pdf

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৬/৯/২৩ ৬:৫৭ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

৬/৯/২৩ ৬:৫৯ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~৬/৯/২৩ ৬:৫৯ অপরাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/৯/২৩ ৯:২৬ অপরাহ্ন

অনুমোদিত

৬/৯/২৩ ৯:২৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~৬/৯/২৩ ৯:২৭ অপরাহ্ন~~
~~গাজী আসরিব বিন সালাম~~
~~নির্বাহী প্রকৌশলী~~
~~পদ্মা পানি শোধনাগার~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৬/৯/২৩ ৯:৪০ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যাবস্থা করুন।দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করুন।



৬/৯/২৩ ৯:৪০ অপরাহ্ণ
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



১৬/৯/২৩ ৮:২৬ অপরাহ্ণ
মাহমুদ রিয়াদ
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



২৪/৯/২৩ ৯:১৭ পূর্বাহ্ণ
অমিত বিশ্বাস
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার